চামড়া প্রক্রিয়াজাতকরণ শিল্প

সমীক্ষা প্রতিবেদন

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন

Scanned with CamScanner

চামড়া প্রক্রিয়াজাতকরণ শিল্প

সমীক্ষা প্রতিবেদন

উন্নয়ন ও সম্প্রসারণ বিভাগ
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

Scanned with CamScanner

প্রণয়নে

জালাল উদ্দিন আহমেদ
সহকারী মহাব্যবস্থাপক (চামড়া)
বিসিক, ঢাকা

পৃষ্ঠপোষকতায়

মোঃ ফারুক শিকদার
পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ)
বিসিক, ঢাকা।

মোঃ মোসাদ্দেকুর রহমান
মহাব্যবস্থাপক (সম্প্রসারণ)
বিসিক, ঢাকা।

প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম
মহাব্যবস্থাপক (উন্নয়ন)
বিসিক, ঢাকা।

মোঃ মোশাররফ হোসেন
উপমহাব্যবস্থাপক (সম্প্রসারণ)
বিসিক, ঢাকা।

প্রচ্ছদ : সাদিয়া শারমিন

কৃতজ্ঞতা স্বীকার

অধ্যাপক ডঃ মোঃ ফজলুল করিম
অধ্যক্ষ
কলেজ অব লেদার টেকনোলজি, ঢাকা।

নূর মোহাম্মদ
প্রভাষক (টেকনোলজি)
কলেজ অব লেদার টেকনোলজি, ঢাকা।

সভাপতি
বাংলাদেশ ফিনিস্‌ড লেদার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, ঢাকা।

সভাপতি
বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশন, ঢাকা।

প্রকাশক

বাংলাদেশ ক্ষুদ্র কুটির শিল্প করপোরেশন
১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

প্রকাশকাল

কার্তিক ১৪০৯/ নভেম্বর ২০০২

মুদ্রণ

এভারগ্রীন প্রিন্টিং এ্যান্ড প্যাকেজিং
৯, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

Scanned with CamScanner

মুখবন্ধ

দেশীয় কাঁচামাল সমৃদ্ধ বাংলাদেশের মৌলিক শিল্পখাতসমূহের অন্যতম হচ্ছে চামড়া শিল্প। রপ্তানিমুখী এই শিল্পখাত দেশের রপ্তানি আয়ের ক্ষেত্রে বরাবরই অগ্রণী ভূমিকা পালন করে আসছে। গুরুত্বপূর্ণ এই শিল্পখাত হতে দেশ বছরে ১ হাজার কোটি টাকার উপরে আয় করে থাকে। চামড়া খাতের গুরুত্ব অনুধাবন করে সরকার ইতোমধ্যে এই খাতকে থ্রাস্ট সেক্টর হিসেবে ঘোষণা করেছে।

আর সে বিবেচনা থেকে ক্ষুদ্র ও কুটির শিল্প খাতের পোষক সংস্থা হিসেবে বিসিকও এ খাতের উন্নয়নে বিভিন্ন ধরনের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং সে প্রচেষ্টার অংশ হিসেবেই চামড়া শিল্পের উপর এ সমীক্ষা প্রতিবেদনটি প্রকাশিত হলো।

দেশের চামড়া শিল্পের উন্নয়নে ট্যানারি উপখাতের উপর প্রণীত এই সমীক্ষা প্রতিবেদন এ শিল্পের সঙ্গে সংশ্লিষ্টদের উপকারে আসবে বলে আশা করি।

তারিখ : ২৮ কার্তিক ১৪০৯
১২ নভেম্বর ২০০২

(এম এ মান্নান)
চেয়ারম্যান
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন

Scanned with CamScanner

ভূমিকা

চামড়া শিল্প বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী শিল্পখাত। দেশীয় কাঁচামাল সমৃদ্ধ এ শিল্পখাত দেশের রপ্তানি বাণিজ্যে এক বিশেষ জায়গা জুড়ে অবস্থান করছে। ১৯৭২ সালে রপ্তানি আয়ের ১১৪ কোটি টাকা এ খাত হতে এসেছিল। সেই অবস্থান থেকে ২০০২ সালে এসে এখন তা দাঁড়িয়েছে ১২০০ কোটি টাকায়। খাত ভিত্তিক পর্যালোনায় দেখা যায়, দেশীয় কাঁচামালের উপর ভিত্তি করে গড়ে ওঠা শিল্পসমূহের মধ্যে চামড়ার অবস্থান দ্বিতীয়। পাটের পরেই চামড়ার অবস্থান। এ দেশের চামড়া বিশ্বব্যাপী এক আলাদা আকর্ষণ নিয়ে তার অবস্থান ধরে রেখেছে। বাংলাদেশের ছাগলের চামড়া বিশ্বব্যাপী সমাদৃত। কুষ্টিয়া-যশোর অঞ্চলের ছাগলের চামড়া Black Bengal নামে দুনিয়াব্যাপী সমাদৃত।

চামড়ার প্রাপ্যতার উপর ভিত্তি করে এদেশে গড়ে উঠেছে ট্যানারি শিল্প। এ ট্যানারি শিল্প বা চামড়া প্রক্রিয়াজাতকরণ শিল্প খাতের একটি পূর্ণাংগ প্রতিবেদনের প্রয়োজনীয়তা তাই সর্বমহলে অনুভূত হচ্ছে।

বিসিকের উন্নয়ন ও সম্প্রসারণ বিভাগ দেশব্যাপী ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণ-মূলক কর্মকান্ডের কেন্দ্রবিন্দু। শিল্পখাত ভিত্তিক শীর্ষ পর্যায়ের বিশেষজ্ঞ সমন্বয়ে এই বিভাগ শিল্পোদ্যোক্তাদেরকে বিভিন্ন ধরনের সেবা প্রদান করে থাকে। সে আলোকে চামড়া শিল্পের উপর অত্র বিভাগের সহকারী মহাব্যবস্থাপক (চামড়া) জনাব জালাল উদ্দিন আহমেদ কর্তৃক প্রণীত এই প্রতিবেদন আগ্রহী সুধীজনের প্রয়োজনে আসবে বলে আমি আশাবাদী।

তারিখ : ২৭ কার্তিক ১৪০৯
১০ নভেম্বর ২০০২

(**মোঃ ফারুক শিকদার**)
পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ)
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন

Scanned with CamScanner

সূচীপত্র

সূচনা	৭
সমীক্ষার উদ্দেশ্য	৭
সমীক্ষা পদ্ধতি	৭
সমীক্ষার সূত্র	৮
চামড়া প্রাপ্যতা	৮
ট্যানারি শিল্প প্রকল্প	৮
ট্যানারি শিল্পে নিয়োজিত জনশক্তি	৯
চামড়া উৎপাদন ব্যবস্থায় ব্যবহৃত প্রযুক্তি	৯
ক) কাঁচামাল	৯
খ) জনশক্তি	১০
গ) যন্ত্রপাতি	১০
ঘ) উৎপাদন	১০
রপ্তানী বাণিজ্যে চামড়া শিল্প	১০
ট্যানারি শিল্প স্থাপনের সম্ভাবনা	১১
স্বতন্ত্র চামড়া শিল্পনগরী স্থাপনের ধারণা, উদ্যোগ ও পরিণতি	১৩
একটি ট্যানারি কারখানার প্রকল্প ছক	১৫
উপসংহার	১৬
সারণী	২১

Scanned with CamScanner

১. সূচনা

চামড়া শিল্প এদেশের এক সুপ্রাচীন শিল্প। চামড়া প্রক্রিয়াজাতকরণ হচ্ছে চামড়া শিল্পের মূলস্রোত। সাধারণভাবে মানুষ এ শিল্পকে ট্যানারি হিসাবে জানেন। ট্যানারি হচ্ছে ঐ সকল শিল্প প্রতিষ্ঠান যেখানে কাঁচা চামড়া প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে সেটিকে পাকা চামড়ায় রূপান্তর করা হয়।

বাংলাদেশে চামড়া শিল্পের প্রাতিষ্ঠানিক সূচনাকাল গত শতকের ষাটের দশকে। ঐ সময় ঢাকার পশ্চিমাঞ্চলের হাজারীবাগ এবং চট্টগ্রামের চাঁদগাঁও এলাকায় এদেশের কিছু উৎসাহী বাঙালি উদ্যোক্তা এবং পশ্চিম পাকিস্তান হতে আগত কতিপয় অবাঙালি উদ্যোক্তা এ শিল্পের গোড়াপত্তন করেন। এর পূর্বে এ অঞ্চলে ট্যানারি শিল্প মূলতঃ কলকাতা ভিত্তিক ছিল। কলকাতায় স্থাপিত ট্যানারি শিল্পের কাঁচামালের যোগানদার হিসাবে এখানকার চামড়া সংশ্লিষ্ট ব্যবসায়ীরা পরিচিত ছিলেন।

এদেশে চামড়া শিল্প স্থাপিত হওয়ার পর চামড়া প্রক্রিয়াজাতকরণের সম্পূর্ণ অবস্থায় এ শিল্প দাঁড়াতে পারেনি। তখন শুধুমাত্র ওয়েটব্লু পর্যায়েই (Wet-Blue.) এ শিল্পের অবস্থান নির্ধারিত হতো। অবশ্য স্থানীয় চাহিদার পাকা চামড়া (যেমন-সোল, সু-আপার ইত্যাদি) প্রস্তুতকরণের ব্যবস্থাদি এখানে অল্প বিস্তর ছিল। তবে অধিকাংশই ওয়েটব্লু আকারে প্রক্রিয়াজাতকরণ হয়ে তা হয় পশ্চিম পাকিস্তানে যেতো নতুবা বিদেশে রপ্তানী হতো।

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সব কিছু নতুন করে শুরু করতে হয়। মালিকানাও পরিবর্তন হয় অধিকাংশ ক্ষেত্রে। যুগের সঙ্গে তাল মিলিয়ে ট্যানারি শিল্প আধুনিকীকরণের দিকে মনোযোগ দিতে হয়। ১৯৭২ সনে ট্যানারি শিল্প ব্যবস্থাপনাকে কেন্দ্রীভূত করে এ শিল্পের সার্বিক বিকাশের লক্ষ্যে সরকার ট্যানারিজ করপোরেশন গঠন করেন। পরবর্তীতে ট্যানারি শিল্পের উন্নয়নের লক্ষ্যে এবং এ শিল্পে রপ্তানি আয় বৃদ্ধির মানসে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মাধ্যমে একটি শক্তিশালী কমিটি গঠন করা হয়। এ সমস্ত চড়াই-উৎরাইর মাধ্যমে এবং এ শিল্পের উদ্যোক্তা ও সরকারী পক্ষের নিরবিচ্ছিন্ন প্রচেষ্টায় বর্তমানে চামড়া শিল্প দেশের অর্থনৈতিক উন্নয়নে তার বর্তমান অবস্থানে দাঁড়াতে পেরেছে।

বাংলাদেশে বর্তমানে ২২০ টির মত ট্যানারি শিল্প রয়েছে। তার মধ্যে ঢাকার হাজারীবাগেই রয়েছে ১৯৪টি ট্যানারি। সম্প্রতি ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি) তাদের এক জরিপে দেখিয়েছে যে, বর্তমানে বাংলাদেশে স্থাপিত ট্যানারি শিল্পের উৎপাদন ক্ষমতা প্রায় ২৫০ মিলিয়ন বর্গফুট। অথচ বাৎসরিক হিসাবে আমাদের দেশে কাঁচা চামড়া প্রাপ্তি কমবেশী ১৮০ মিলিয়ন বর্গফুট। অর্থাৎ দেখা যাচ্ছে, কাঁচামাল প্রাপ্যতার তুলনায় বেশী ক্ষমতা নিয়ে শিল্প প্রকল্প গড়ে উঠেছে এই সেক্টরে। চামড়া শিল্প মূলতঃ রপ্তানিমুখী শিল্প হিসেবে চিহ্নিত। শিল্পের গুরুত্ব ও সম্ভাবনার কথা চিন্তা করে সরকার এ শিল্পকে ইতোমধ্যে থ্রাস্ট সেক্টর হিসাবে চিহ্নিত করেছেন। এ শিল্পে উৎপাদিত পণ্যের ৮৫% ই রপ্তানী হয়। এ শিল্প খাতের রপ্তানী আয় প্রায় ১২০০কোটি টাকা। দেশের মোট রপ্তানীর ৫-৬% দখল করে আছে এই উপখাত।

২. সমীক্ষার উদ্দেশ্য

চামড়া প্রক্রিয়াজাতকরণ এ দেশের নিজস্ব কাঁচামালের উপর ভিত্তি করে গড়ে ওঠা গুটিকতক প্রতিষ্ঠিত শিল্প উপখাতসমূহের অন্যতম। এ শিল্পের কাঁচামাল অর্থাৎ কাঁচা চামড়া সারাদেশ হতে সংগ্রহ করে তা ট্যানারিগুলোতে সরবরাহ করা হয়। অথচ লক্ষণীয়ভাবে দেখা যায় যে, এ শিল্প গড়ে উঠেছে মূলতঃ ঢাকা ও চট্টগ্রাম ভিত্তিক। চামড়া সংগ্রহে প্রত্যন্ত অঞ্চলের সাথে কেন্দ্রীয় আড়তদারদের যোগাযোগের দুর্বলতা এবং সময় ক্ষেপণের জন্য প্রতিবছর পচনশীল এই কাঁচামালের গুণগতমানের প্রভূত ক্ষতি হয়। ফলে রপ্তানি বাণিজ্যে গুণগত মানদন্ডে এ শিল্প-উপখাতের অগ্রসর হওয়া মুশকিল হয়ে পড়ে। তাছাড়া কাঁচামাল সংরক্ষণের সঠিক নিয়ম সর্বক্ষেত্রে পালিত না হওয়ার জন্যও এ শিল্পের কাঁচামালে গুণগত মান বজায় রাখা কঠিন হয়ে পড়ে।

এ সমস্ত দিক বিবেচনা করে এবং এই উপখাতের কাঁচামালের প্রাপ্যতার উপর ভিত্তি করে ট্যানারি শিল্প প্রকল্প স্থাপন করা যায় কিনা এসব চিন্তাভাবনা মাথায় রেখে ট্যানারি শিল্প উপখাতের উপর একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে এই সমীক্ষার কাজ হাতে নেওয়া হয়।

৩. সমীক্ষা পদ্ধতি

কাঁচামালের প্রাপ্যতা ও ভোক্তার শ্রেণী বিভাজনের মাধ্যমেই শিল্প সমীক্ষার মানদন্ড নির্ধারণ করা হয়। চামড়া শিল্প ১০০% রপ্তানীমুখী শিল্পখাত বিধায় কাঁচামালের প্রাপ্যতা, চাহিদা, বাজার ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা, দক্ষ শ্রমিক প্রাপ্যতা, যন্ত্রপাতি ও অন্যান্য কারিগরি সম্ভাব্যতা, রপ্তানি বাণিজ্যে পূর্ব-অভিজ্ঞতা এবং সম্পৃক্ততা, আর্ন্তজাতিক নেটওয়ার্কের সাথে এ উপখাতের যোগাযোগ এবং শিল্প

Scanned with CamScanner

পরিচালনায় সঠিক ও দক্ষ ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কে তথ্য সংগ্রহ করে সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের কাজে হাত দেয়া হয়।

এছাড়া বর্তমান সময়ে পরিবেশ সংরক্ষণের তাগিদ সর্বক্ষেত্রে উত্থাপিত হচ্ছে। আর ট্যানারি শিল্প প্রকল্প এমনিতেই পচনশীল ও দুর্গন্ধময় পরিবেশ ও পরিস্থিতি সৃষ্টিকারী শিল্প উপখাত। সুতরাং এ সমস্ত দিক মাথায় রেখে দূষণমুক্ত পরিবেশ বজায় রাখার তাগিদও এখানে গোচরে আনা হয়।

৪. সমীক্ষার সূত্র

সমীক্ষা চালানোর ক্ষেত্রে প্রাথমিক সূত্র হিসাবে এ শিল্পের সঙ্গে জড়িত ট্যানারি শিল্প প্রকল্প সরেজমিনে পরিদর্শন ও তার উৎপাদন পদ্ধতির প্রথম থেকে শেষ অবধি পর্যবেক্ষন করা হয়। এ শিল্পের জন্য কাঁচামাল সংগ্রহের মূল আড়ত ঢাকার পোস্তা এবং রপ্তানী প্রক্রিয়ায় জড়িত বায়িং হাউজগুলির সঙ্গে আলাপ, এমনকি অক্সিলারী কাঁচামাল হিসেবে ব্যবহৃত কেমিক্যাল সরবরাহকারী ও কোম্পানীর সঙ্গে তথ্য বিনিময় হয়।

সংযোজন ও বিয়োজনের ক্ষেত্রে এ প্রতিবেদনে সেকেন্ডারী সূত্র হিসাবে যে সব সূত্রের শরনাপন্ন হতে হয় তা হলো বাংলাদেশ স্টাষ্টিক্যাল ইয়ারবুক, ইপিবির রিপোর্ট, লিসুচেস্টার বিশ্ববিদ্যালয়ের ডঃ মোজ্জামেল হকের রিপোর্ট, কলেজ অব লেদার টেকনোলজির প্রাক্তন অধ্যক্ষ ডঃ করম আলী আহমদের তথ্য ও তত্বমূলক রিপোর্ট, লেদার ফেয়ার-২০০১ হতে প্রাপ্ত বুলেটিনের রিপোর্ট এবং কলেজ অব লেদার টেক্নোলজির বর্তমান অধ্যক্ষ ডঃ মোঃ ফজলুল করিমের গবেষনালব্ধ অতি সাম্প্রতিক কিছু তত্ত্ব ও তথ্য মূলক রিপোর্ট।

৫. চামড়ার প্রাপ্যতা

দেশের পশু সম্পদের উপর ভিত্তি করেই এ শিল্পের কাঁচামালের প্রাপ্যতা নির্ধারিত হয়। মুসলিম প্রধান এদেশে প্রতিবছর সাংবাৎসরিকভাবে যে পশু জবাই করা হয় তার ৪০-৪৫% পশু জবাই করা হয় কোরবানীর সময়। এফএও (FAO) এর তথ্য ও লাইভস্টক সেনসাস থেকে প্রাপ্ত তথ্যে দেখা যায় দেশে গরু/মহিষ/বাছুরের প্রাপ্যতা গত ২০০০ সালে ছিল ২,৪৩,১০,০০০টি এবং ছাগল/ভেড়ার প্রাপ্যতা ছিল ৩,২৭,০০,০০০ টি। চামড়া প্রাপ্যতার এই হিসাবে দেখা যায় গরু/মহিষ/বাছুরের চামড়া গত বছরে পাওয়া গেছে ৫৩,০২,৭০০পিস এবং ছাগল/ভেড়ার চামড়া পাওয়া গেছে ১,৯৭,০০,০০০পিস।

বিভাগওয়ারী হিসাবে দেখা যায় চট্টগ্রাম ও রাজশাহী বিভাগে পশু প্রাপ্যতার তুলনায় চামড়া প্রাপ্যতার আধিক্য রয়েছে। বিভিন্ন সেমিনার ও রিপোর্টেও দেখা যায় পশ্চিমাঞ্চলীয় বিভাগ রাজশাহীর দিনাজপুর ও নাটোরে বেশী পরিমান চামড়া পাওয়া যায়। সীমান্ত সংলগ্নতার ব্যাপারটিই এটার কারণ বলে উল্লিখিত বা উচ্চারিত হয়। চট্টগ্রাম এলাকার মানুষ পশুর মাংস বেশী খাওয়ার ব্যাপারটাও এখানে উল্লিখিত ছাড়াও সিলেটের সীমান্ত এলাকায় চামড়ার আধিক্য চোখে পড়ে। তবে সব মিলিয়ে এই আধিক্য খুব একটা ভারসাম্যহীনতার কারণ হিসাবে ধরা যায় না। ট্যানারি শিল্পের প্রধানতম কাঁচামাল কাঁচা চামড়ার প্রাপ্যতা প্রতিবছরেই বৃদ্ধি পাচ্ছে। দেশে পশু সম্পদের উন্নয়নই এর একমাত্র কারণ। ১৯৭০ সালে দেশে কাঁচা চামড়া প্রাপ্যতা ছিল ১১০ মিলিয়ন বর্গফুট । ১৯৯০ সালে এই পরিসংখ্যান গিয়ে দাঁড়ায় ১৬০ মিলিয়ন বর্গফুট। ২০০০ সালে কাঁচাচামড়ার প্রাপ্যতা গিয়ে দাঁড়িয়েছে ১৮০ মিলিয়ন বর্গফুট (সারনী-১,২,৩)

৬. ট্যানারি শিল্প প্রকল্প

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনস্থ রপ্তানী উন্নয়ন ব্যুরো কৃর্তক ১৯৭৯ সনে গঠিত "কমিটি অন ডেভেলপমেন্ট অব লেদার এক্সপোর্ট" (Committee on Development of Leather Export) এর রিপোর্টে দেখা যায় বাংলদেশে সর্বমোট ২১৪টি ট্যানারি শিল্প প্রকল্প রয়েছে। এর মধ্যে যশোর ও রংপুরে ১টি করে, চট্রগ্রামে ১৬টি এবং বাকী ১৯৬টি ঢাকার হাজারীবাগে বিদ্যমান। সরেজমিনে পরিদর্শন ও বিভিন্ন প্রফেশনাল গ্রুপের সর্বশেষ সমীক্ষায় দেখা যায় বাংলাদেশে বর্তমানে ২২০টি চামড়া প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রকল্প অর্থাৎ ট্যানারি রয়েছে। এর মধ্যে ঢাকায় রয়েছে ১৯৪টি, ঢাকার আশেপাশে সাভার, ধামরাই, কলিয়াকৈরে রয়েছে ৪টি, জামালপুর, রংপুর, যশোর, খুলনায় ১টি করে এবং চট্টগ্রামে রয়েছে ১৮টি শিল্প প্রতিষ্ঠান। (সারণী-৪)

এই শিল্প প্রতিষ্ঠানগুলোর মধ্যে ৭৫টি প্রকল্প তাদের পূর্ণ উৎপাদন ব্যবস্থায় পাকা চামড়া প্রক্রিয়াজাতকরণে সক্ষম। এদের মধ্যে ১৩টি প্রকল্প বৃহৎ আকারের, ৪০টি মাঝারী এবং বাকীগুলো ক্ষুদ্রশিল্প। দেশের সমস্ত ট্যানারিগুলোর মধ্যে মাত্র ৩৫টি ট্যানারি তাদের প্রকল্পে আধুনিক যন্ত্রপাতি সন্নিবেশিত করেছে। যার ফলে আধুনিক উৎপাদন ব্যবস্থায় শুধুমাত্র এই ৩৫টি ট্যানারি উন্নত ও আর্ন্তজাতিক মানের পাকা চামড়া উৎপাদনে সক্ষম। হিসাবে দেখা যায় বর্তমানে মোট উৎপাদন ক্ষমতা প্রায় ২৫০ মিলিয়ন বর্গফুট, অথচ দেশে বর্তমানে উন্নতমানের ফিনিসড্ চামড়া উৎপাদনের ক্ষমতা মাত্র ৬০মিলিয়ন বর্গফুট । ক্রাস্ট লেদার উৎপাদন ক্ষমতা ১৫০মিলিয়ন বর্গফুট। তবে

Scanned with CamScanner

উৎপাদন ক্ষমতার সমন্বয়ে দেখা যায় বর্তমানে দেশের মোট উৎপাদনের ৬০% গুনগত মান সম্পন্ন ফিনিসড লেদার উৎপাদনের ক্ষমতা এ স্থাপিত ট্যানারিগুলির রয়েছে। (সারনী-৫)

৭. ট্যানারি শিল্পে নিয়োজিত জনশক্তি

ট্যানারি শিল্পের সঙ্গে জড়িত দক্ষ শ্রমজীবি মানুষ মূলতঃ ঢাকা ও চট্টগ্রাম ভিত্তিক। যুগযুগ ধরে বংশ পরমপরায় কাজ করতে করতে একটি গোষ্ঠী এ সেক্টরের কর্মী সম্প্রদায়ে পরিণত হয়েছে। সুতরাং এসব শ্রমজীবি মানুষ দিয়ে বর্তমান বাজার মূল্যে ঢাকার বাইরে নিয়ে কাজ করানো দুঃসাধ্য ব্যাপার।

শিক্ষিত টেক্‌নিশিয়ান, যারা চামড়া প্রযুক্তির উপর উচ্চ লেখাপড়া করেছে তারাও ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রিক। ঢাকার বাইরে ব্যক্তিগত, সামাজিক, অর্থনৈতিক অন্যান্য সুযোগ কম বলে শিক্ষিত ও দক্ষ টেক্‌নিশিয়ান মফস্বলে যেতে চান না। যশোর, জামালপুর এমনকি ঢাকার অদূরে মানিকগঞ্জের সাটুরিয়ায় স্থাপিত ট্যানারিগুলি এর প্রকৃষ্ট উদাহরণ। কথিত তিনটি শিল্প প্রতিষ্ঠান সব দিক দিয়েই আধুনিক। আধুনিক উৎপাদন ব্যবস্থায় সবদিক দিয়েই যোগ্য এসব ট্যানারি প্রকল্প দক্ষ টেক্‌নিশিয়ান, শ্রমিক ও ব্যবস্থাপনা প্রাপ্যতার অভাবে আজ মুখ থুবড়ে পড়ে আছে। এছাড়া কেমিক্যাল কোম্পনীগুলোর অনীহা, বায়িং হাউসের সঙ্গে জড়িতদের অনীহা ও অন্যান্য রপ্তানী অন্বয়ী সুবিধাদির স্বল্পতার জন্য ঢাকা ও চট্টগ্রামের বাইরে ট্যানারি শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠতে পারছে না।

চামড়া প্রক্রিয়াজাতকরণ প্রকল্পে অর্থাৎ শুধুমাত্র ট্যানারি শিল্পে বর্তমানে প্রায় ২৩,০০০ শ্রমজীবী মানুষ তাদের শ্রম দিচ্ছে। প্রকল্প ব্যবস্থাপনা খাতে নিয়োজিত জনবল প্রায় ২০০০ জন এবং ট্রেডিং খাতে এ উপখাতের জনবল ২০০০ জন। অর্থাৎ এ শিল্প উপখাতের কর্মকান্ডে নিয়োজিত মোট জনসংখ্যা ২৭০০০ জন। বর্ণিত কর্মী বাহিনীর ১৫% স্নাতক ও তদুর্দ্ধ শিক্ষাপ্রাপ্ত, ২৫% এইচ এস সি ও এস এস সি সমমানের এবং বাকী ৬০% কর্মী বাহিনী অর্ধশিক্ষিত ও অশিক্ষিত (সারণী-৬)।

৮. উৎপাদন ব্যবস্থায় ব্যবহৃত প্রযুক্তি

ক) কাঁচামাল সম্পর্কিত

বাংলাদেশে বর্তমানে কাঁচামাল হিসেবে চামড়া সংগ্রহের ব্যবস্থাপনা অঞ্চলভিত্তিক আড়তদারীর মধ্যেই সীমাবদ্ধ। প্রত্যন্ত অঞ্চলের ছোট ছোট ফড়িয়ারা নিজস্ব মূলধনের উপর ভর করে ৫০-১০০ পিস্ চামড়া সংগ্রহ করে দেশীয় কায়দায় সংরক্ষনের ব্যবস্থা নেয় এবং আঞ্চলিক আড়তদারদের কাছে বিক্রি করে। এসব ফড়িয়ারা সাধারণতঃ চামড়া সংরক্ষনের দিকে খুব একটা নজর দেয় না। ফলে প্রাথমিক স্তরে চামড়ার গুনগত মানের কিছুটা ক্ষতি হয়। পরবর্তীতে আঞ্চলিক আড়তদারদের কাছে এসব কাঁচামাল পৌঁছুলে সেখানে নতুনভাবে সংরক্ষনের কিছুটা ব্যবস্থা নেওয়া হয়। এসব চামড়া পরবর্তীতে ঢাকার কেন্দ্রীয় আড়তদারদের কাছে কিংবা সরাসরি ট্যানারিতে পাঠানো হয়। উপরোক্ত প্রক্রিয়া সম্পন্ন করতে এ কাঁচামাল চামড়া শিল্প প্রকল্পে পৌছাতে ৩(তিন) থেকে ৬(ছয়) মাসের বেশী সময় নেয়। কিন্তু পর্যাপ্ত সংরক্ষণ ব্যবস্থা না নেয়ার ফলে অনেক ক্ষেত্রেই চামড়া তার গুনগত মানে নিম্নগামী হয়।

কাঁচামাল হিসেবে চামড়া ট্যানারি শিল্প প্রকল্পের দোরগোড়ায় পৌছানোর পূর্বে চামড়া সংরক্ষনের ন্যূনতম প্রচলিত নিয়মকানুন মেনে চলার জন্য কৃষি অধিদপ্তরের কৃষি বিপণন বিভাগ চামড়া সংরক্ষনের নিয়মকানুনের উপর সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করে বলে জানা যায়। আশির দশকে UNIDO ও FAO এর সহায়তায় Flaying and Curing এর উপর একটা Rural based সচেতনতামূলক কার্যক্রম এদেশে গ্রহণ করা হয়। দেশের প্রত্যন্ত অঞ্চলে ওয়ার্কশপের মাধ্যমে পশুর দেহ হতে চামড়া ছাড়ানো ও তার নিয়ম মাফিক সংরক্ষনের ব্যবহারিক প্রশিক্ষনই ছিল এই কার্যক্রমের অংশ।

ট্যানারি শিল্পের কাঁচামাল অর্থাৎ চামড়া সংরক্ষণ সাধারনতঃ তিনভাবে করা হয় ঃ-

1. Wet-Salted Curing
2. Dry-Salted Curing
3. Drying

তবে আবহাওয়া ও প্রাকৃতিক ভারসাম্যতায় ওয়েট সল্টেড কিউরিং পদ্ধতিই এদেশের জন্য সর্বাধিক প্রযোজ্য পদ্ধতি হিসেবে গ্রহণযোগ্য ও গৃহীত (সারণী-৮)।

Scanned with CamScanner

খ) জনশক্তি সম্পর্কিত

শিল্প ব্যবস্থাপনায় ব্যবহৃত উপযোগগুলির মধ্যে দক্ষ জনশক্তি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দেশের চামড়া প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রকল্পে ষাটের দশকে যেখানে অর্ধশিক্ষিত/অশিক্ষিত টেকনিশিয়ানরা তাদের দীর্ঘদিনের কর্ম অভিজ্ঞতায় এসব প্রকল্পে উৎপাদন ব্যবস্থায় নিয়োজিত ছিল, সত্তর দশকে শিক্ষা ব্যবস্থার মেরুকরণের ফলে তার কিছুটা হলেও উন্নয়ন ঘটে। চামড়া শিল্পের দক্ষ জনশক্তি উন্নয়নের একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান হলো বাংলাদেশ কলেজ অব লেদার টেক্‌নোলজি। নব্বই দশকের আগে এই শিক্ষাপ্রতিষ্ঠানে ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সের প্রচলন ছিল। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমের অধীন এই শিক্ষা প্রতিষ্ঠান হতে বিএসসি ইন লেদার টেক/বিএসসি ইন লেদার ফুটওয়্যার /বিএসসি ইন লেদার প্রডাক্ট টেকনোলজির উপর (স্নাতক) ডিগ্রী কোর্স চালু করা হয়েছে। চামড়া প্রযুক্তির জনশক্তি উন্নয়নের সুতিকাগার হিসাবে বিবেচিত এই কলেজে বর্তমানে শিক্ষা উন্নয়ন প্রকল্পের আওতায় আধুনিকীকরণ ও সংস্কারের কাজ চলছে। তাছাড়া লেদার কলেজ হতে ডিগ্রী প্রাপ্ত টেক্‌নোলজিষ্টরা বর্তমানে এই শিল্পে ব্যবস্থাপনা ও গবেষণামূলক কাজেও নিজেদের জড়িত করছেন। ফলে আশা করা যায় অদূর ভবিষ্যতে এই সেক্টর শিল্পায়ন ব্যবস্থায় একটা আশাব্যঞ্জক দিক উন্মোচিত হবে (সারণী - ১২)।

গ) প্রকল্পে ব্যবহৃত যন্ত্রপাতি সংক্রান্ত

প্রাথমিক স্তরে বাংলাদেশে এ শিল্পের প্রকল্পগুলো যেসব মেশিন ও যন্ত্রপাতি ব্যবহার করতো তা ছিল খুব সাদামাটা ও সেকেলে। তাছাড়া একটা মোটা অংশের ট্যানারি প্রকল্প ভেজিটেবল ট্যানিং পদ্ধতির চামড়া পাকানোর কাজে নিয়োজিত ছিল। এসব ভেজিটেবল ট্যানিং পদ্ধতির প্রকল্পে পিট (Pit) ট্যানিং পদ্ধতিতে কাজ হতো বিধায় মেশিনপত্র খুব একটা প্রয়োজন ছিল না। আশির দশকে এই ধারণা বদলে যায় এবং নব্বই এর দশকে এই সেক্টরে অত্যাধুনিক যন্ত্রপাতির সমারোহ ঘটে। এদেশে এ সেক্টরের ব্যবহৃত মেশিনপত্র বেশিরভাগই ইউরোপীয় নামীদামী কোম্পানীর তৈরী। ট্যানারি শিল্পে প্রথম দিকে ব্যবহৃত যন্ত্রপাতি ছিল মেকানিক্যাল টাইপের। পরবর্তীতে ব্যবহৃত যন্ত্রপাতি হাইড্রোলিক পর্যায়ে চলে আসে এবং সর্বশেষ সংস্করণের যে সব যন্ত্রপাতি এই সেক্টরে ব্যবহৃত হচ্ছে তা নিউমেটিক।

এছাড়া রোটো, অটো, ইলেকট্রনিকস ইত্যাদিসহ বহুমাত্রিক মেকানিজমের মেশিনপত্র এই সেক্টরে এখন ব্যবহৃত হচ্ছে (সারণী-৯)।

ঘ) উৎপাদন পদ্ধতি সংক্রান্ত

ট্যানারি সেক্টরে ব্যবহৃত উৎপাদন পদ্ধতি প্রায়শঃ ক্ষেত্রেই ইউরোপীয় ভিত্তির উপর গড়ে উঠেছে। কারণ শিল্প প্রকল্পে ব্যবহৃত কোমিক্যালস এর শতকরা ৮০ ভাগই প্রযুক্তি ইউরোপীয় কোম্পানী বিএএসএফ, বায়ার, সিবা-গেইগী, স্টাল, আইসিআই এবং বর্তমানের আমেরিকা ভিত্তিক ব্যকমান ইত্যাদির।

এজন্য আমাদের দেশের ট্যানারিগুলোতে উৎপাদন ব্যবস্থায় ব্যবহৃত টেকনোলজির সম্পৃক্ততা অনেকেই নিম্নভাবে নির্ণয় করে থাকেন -

- ইউরোপীয় লেবার ইন্‌টেনসিভ টেক্‌নোলজি।
- ইউরোপীয় ক্যাপিটাল ইনটেনসিভ টেক্‌নোলজি।
- মিক্সড টেকনোলজি (ফিনিসড লেদার, রপ্তানীর ক্ষেত্রে)।
- মিক্সড টেকনোলজি (ফিনিসড লেদার, স্থানীয় ব্যবহার)।

উপরোক্ত প্রথম তিনটির সমন্বয়ে দেশে বর্তমানে উন্নতমানের রপ্তানী যোগ্য পাকা চামড়া উৎপন্ন হচ্ছে (সারণী-১০)।

৯. রপ্তানী বাণিজ্যে চামড়া শিল্প

দেশের অর্থনৈতিক উন্নয়নে রপ্তানীর কোন বিকল্প নাই। এ দেশের রপ্তানী বাণিজ্যে চামড়া সেক্টর বরাবরই তার গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। এমন এক সময় ছিল যখন দেশের রপ্তানী বাণিজ্যে পাট, চামড়া, চা-ই প্রধানতম রপ্তানী পণ্য হিসাবে গণ্য হতো। এখন অবশ্য গার্মেন্টস খাত এগিয়ে আসাতে এসব মৌলিক ভিত্তিসম্বলিত খাতগুলির রপ্তানী ভল্যিউম (Volume) কমই মনে হয়। তার পরেও বলা যায় চামড়া শিল্প এদেশের রপ্তানী বাণিজ্যে তার নিজস্ব মহিমায় অগ্রসরমান।

Scanned with CamScanner

১৯৯৩-৯৪ সালে চামড়া সেক্টরের রপ্তানী ছিল ১৬৮ মিলিয়ন মার্কিন ডলার। ১৯৯৫-৯৬ অর্থবছরে তা গিয়ে দাঁড়ায় ২১২ মিলিয়ন মার্কিন ডলারে। ১৯৯৯-২০০০ অর্থবছরে এই খাতের আয় হয় ১৯৫ মিলিয়ন ডলার, অবশ্য এখানে চামড়াজাত পন্য ও পাদুকা উপখাতের উন্নয়ন ও রপ্তানী বাড়ার ফলে প্রক্রিয়াজাতকৃত পাকা চামড়ার রপ্তানীর পরিমাণ কিছুটা কমে যায়। কারণ প্রসেসকৃত পাকা চামড়া, রপ্তানীমুখী পাদুকা ও চামড়াজাত পণ্যে কাঁচামাল হিসাবে ব্যবহৃত হওয়ার ফলেই এটা হয়েছে। হিসাব করে দেখা যায় পাকা চামড়া পাদুকা ও চামড়াজাত পণ্যের মোট রপ্তানী এই খাতে এসে দাঁড়িয়েছে ২৫০ মিলিয়ন ডলারে। (সারণী-১১)

১০. ট্যানারি শিল্প স্থাপনের সম্ভাব্যতা

ট্যানারি শিল্প প্রকল্প এমন একটি প্রকল্প যা জল, বায়ু, মাটি, বাতাস এবং অন্যান্য শিল্প স্থাপনের আনুসাঙ্গিক ধনাত্মক (Positive) দিক না থাকলে তা স্থাপন করা দুরূহ হয়ে পড়ে। নিম্নেবর্ণিত ক্রাইটেরিয়াগুলি চামড়া শিল্প স্থাপনের প্রধানতম শর্তগুলোর অন্যতমঃ-

- যথেষ্ট পরিমান বিশুদ্ধ পানি।
- পরিমাণ মত কাঁচামালের সহজলভ্যতা।
- বিশ্বস্ত ও দক্ষ শ্রমিক প্রাপ্যতা।
- উন্নত যোগাযোগ ব্যবস্থা।
- সার্বক্ষনিক বিদ্যুৎ ও জ্বালানী সুবিধা।
- বাজার ব্যবস্থার সহজতম দিক।
- রপ্তানী বাণিজ্য ও ব্যবস্থাপনার সঙ্গে সম্পৃক্ততা।
- অনুকূল আবহাওয়া।
- বসবাসের উপযুক্ততা।
- শিল্পায়ন ব্যবস্থাদির সঙ্গে জড়িত বিষয়াদির সহজলভ্যতা।
- পরিবেশ দূষণমুক্ত অবকাঠামো।

শিল্প ও শিল্পাঞ্চল গড়ে তুলতে উপরের অধিকাংশই মানিয়ে নেয়া যায়। শুধুমাত্র পরিবেশের ভারসাম্যহীনতার বিষয়টি বাদ দিয়ে। কারণ- পরিবেশ দূষণের বিষয়টিই এই শিল্পের প্রধানতম ক্ষতিকারক দিক।

হিসাব করে দেখা গেছে এক মেট্রিকটন চামড়া প্রক্রিয়াজাত করণের জন্য প্রায় ৫০ মেট্রিকটন পানি প্রয়োজন হয় (আই,এস)। অন্যান্য কেমিক্যালস তো রয়েছেই। বাংলাদেশে বর্তমানে প্রতিবছর কমবেশী ৭০,০০০ মেট্রিকটন চামড়া প্রক্রিয়াজাতকরণ হয়। এক হিসাবে দেখা যায় শুধুমাত্র হাজারীবাগের ট্যানারিগুলি হতে প্রত্যহ ১৫,০০০ মেট্রিকটন তরল বর্জ্য নির্গত হচ্ছে। সুতরাং তরল, কঠিন, ও বায়বীয় বর্জ্য হিসাবে এ শিল্প হতে নির্গত বর্জ্য প্রাকৃতিক ভারসাম্যহীনতায় কত বড় ফ্যাক্টর হিসাবে কাজ করছে তা সহজেই অনুমান করা যায়। (সারণী -১৪)

চামড়া প্রক্রিয়াজাতকরণ প্রকল্প অর্থ্যাৎ ট্যানারি শিল্প প্রকল্প এমন একটি শিল্প যা প্রকৃতিগতভাবেই দূর্গন্ধময় নোংরা পরিবেশের সৃষ্টি করে। এসব প্রকল্প হতে নির্গত বর্জ্য পরিবেশ দূষণের মাধ্যমে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করে। ট্যানারি শিল্প প্রতিষ্ঠান হতে নির্গত সলিড বর্জ্যের মধ্যে রয়েছে পশম, চামড়ার কাটাছেঁড়া, ফ্লেসিংস, সেভিংডাষ্ট, ট্রিমিংস ইত্যাদি যা প্রকৃতিগত বাহ্যিক অসুবিধা যেমন দূর্গন্ধ, রাস্তাঘাট নোংরাসহ মানবিক চলাফেরা ও অন্যান্য সামাজিক সংকটের সৃষ্টি করে। ট্যানারি হতে নির্গত তরল বর্জ্যের মধ্যে রয়েছে সালফাইড, অশোধিত ট্যানিং উপাদান, রং, চর্বি, ক্রোমিয়াম, বিভিন্ন জৈব ও অজৈব কঠিন পর্দাথ, চামড়ার বিচ্ছিন্ন ঝিল্লি ইত্যাদি যা পানি, মাটি, বাতাস দূষিত করে। বায়বীয় বর্জ্যের মধ্যে রয়েছে সালফাইড গ্যাস, ফরমালিন গ্যাস ও অন্যান্য উদ্বায়ু গ্যাস যা সরাসরি বাতাসে সম্পৃক্ত হয়ে বাতাসকে মারাত্মকভাবে দূষিত করে। এসব বায়ু দূষনে এলাকাবাসীর মধ্যে দেখা যায় মাথাব্যাথা, সাইনাস, চর্মরোগ ও হাফানীসহ বিভিন্ন ধরনের রোগ। এছাড়া উদ্বায়ু গ্যাসীয় সংশ্রবে এলাকার দৈনন্দিন গৃহস্থালীর কাজকর্মে জটিলতার সৃষ্টি হয়।

সামগ্রিকভাবে দেখা যায় ট্যানারি হতে নির্গত ক্রোম ও সালফাইড মিশ্রিত বর্জ্য যে সকল এলাকায় প্রবাহিত হয় সে সমস্ত জমির উর্বরতা কমে যায়। ক্রোমমিশ্রিত জলাভূমিতে মাছচাষ করা যায় না। অর্থাৎ ট্যানারি-নির্গত বর্জ্য পরিবেশ ও প্রকৃতি উভয়েরই ক্ষতি করে। বর্জ্যমিশ্রিত জলাভুমির পানি ব্যবহারে চুল পড়ে, হাতে পায়ে ঘা হয়, পেটের পীড়া হয়, ব্যবহার যোগ্য কাপড় চোপড় নষ্টসহ ইত্যাদি ধরনের বহুমাত্রিক সমস্যা জনজীবনে দেখা যায়।

Scanned with CamScanner

পরিবেশ নিয়ন্ত্রনকারী পদ্ধতি ব্যবহার করে একটি বা দুটি শিল্প প্রকল্প গড়ে তোলা ব্যয়বহুল। কারণ ট্রিটমেন্ট প্লান্ট (Treatment Plant) স্থাপনের মাধ্যমে ব্যবহার্য্য তরলকে পুনঃ ব্যবহার উপযোগী করে তোলার জন্য যে খরচের প্রয়োজন তা দিয়ে গোটা তিনেক শিল্প প্রকল্পই গড়ে তোলা যায়। সুতরাং এ ধরনের শিল্প গড়ে তুলতে হলে কেন্দ্রীয়ভাবে এফ্লুয়েন্ট (CETP) প্লান্ট স্থাপনের মাধ্যমে স্বতন্ত্র ট্যানারি শিল্প নগরী স্থাপন ছাড়া কোন সহজতম পথ এই সেক্টরে নেই।

স্থানীয়ভাবে শিল্প স্থাপনের অন্যান্য কারণগুলি বিবেচনায় এনে দেখা যায়ঃ-

উত্তর পশ্চিমাঞ্চল

- কাঁচামালের প্রাপ্যতা আছে।
- দক্ষ শ্রমিক নেই।
- রপ্তানী ও যোগাযোগ ব্যবস্থায় এই সেক্টরে এই অঞ্চলের সম্পৃক্ততা না সূচক।
- বিচ্ছিন্নভাবে ট্যানারি স্থাপন পরিবেশ দূষণে মারাত্মক হুমকি হয়ে দাঁড়াবে।

দক্ষিণাঞ্চল

- কাঁচামালের প্রাপ্যতা আছে।
- দক্ষ কর্মী বাহিনী নেই।
- রপ্তানীমুখী শিল্প বা শিল্পাঞ্চল গড়ার মত যোগাযোগ ব্যবস্থা নেই।
- এ অঞ্চলের মাটি-জল ট্যানারি শিল্প বা শিল্পাঞ্চল গড়ার উপযোগী নয়।

পূর্বাঞ্চল

- কাঁচামালের প্রাপ্যতা আছে।
- দক্ষ শ্রমজীবি আছে তবে চাহিদা মোতাবেক নেই।
- বাজার ব্যবস্থায় কিছুটা এগিয়ে আছে (এই এলাকা)।
- দেশের প্রধান সমুদ্রবন্দর থাকার কারণে রপ্তানী বাণিজ্যে বাড়তি সুযোগ আছে।

- সামগ্রিকভাবে চট্টগ্রামে কয়েকযুগ ধরে ট্যানারি শিল্পাঞ্চল থাকার কারণে শিল্প স্থাপন ও টিকিয়ে রাখার জন্য অন্যান্য আনুসাঙ্গিক অবকাঠামো গড়ে উঠেছে।

কেন্দ্রীয় অঞ্চল

- ঢাকা ও আশেপাশের অঞ্চলকে ঘিরেই এ অঞ্চল কেন্দ্রীভূত। মূলতঃ ঢাকার হাজারীবাগই হচ্ছে এদেশের চামড়া শিল্পের মূল কেন্দ্রবিন্দু। দেশের মোট চামড়া শিল্পের ৯০% শিল্প প্রতিষ্ঠান এই এলাকায় অবস্থিত।
- শিল্প স্থাপনের আদর্শ অবকাঠামো না থাকলেও উত্তরাধিকার সূত্রের চালচিত্রে চামড়া শিল্পের সর্ববৃহৎ বিকিকিনি যুগ যুগ ধরে এখান থেকেই হয়ে আসছে।
- হাজারীবাগের মাত্র ৬০ একর জমিতে ১৯৪টির মত ট্যানারি স্থাপিত রয়েছে। রপ্তানী বাণিজ্যের চামড়া সেক্টরের সিংহভাগ এই হাজারীবাগ কেন্দ্রিক ট্যানারি গুলির মাধ্যমে অর্জিত হয়। প্রত্যহ ১৫,০০০ কিউবিক মিটার তরল বর্জ্য এই এলাকা হতে নির্গত হচ্ছে এবং তা সাধারণে মিশে যাচ্ছে। ফলে একদিকে যেমন এলাকা, মাটি ও পরিবেশ দূষণে সাহায্য করছে তেমনি বুড়িগঙ্গার মাধ্যমে প্রবাহিত নিম্ন অববাহিকায় বিস্তীর্ণ এলাকার জন সম্পদেও এর প্রভাব পড়ছে।
- UNIDO তার Regional Programme for Pollution Control in Tanning Industries in South Asia- এর আওতায় হাজারীবাগে CETP (Central Effluent Treatment Plant) এর মাধ্যমে ট্যানারিগুলি হতে নির্গত বর্জ্য শোধিত করে পুনঃ ব্যবহার্য্য করার Programme হাতে নেয় গত '৯৯ সালে। ফলে বহিঃ বর্জ্য নিষ্কাশন সংক্রান্ত পরিবেশ দূষনের প্রকোপ থেকে কিছুটা হলেও এই এলাকার মুক্তি পাওয়ার পথ উন্মুক্ত হয়। তবুও বলতে বাধা নেই লালবাগ, ধানমন্ডি, ঝিকাতলা পরিবেষ্টিত ঘনবসতিপূর্ণ আবাসিক এলাকায় চামড়া শিল্পের মত পরিবেশ দূষনকারী এতবড় শিল্পাঞ্চল থাকা মোটেই সমীচিন নয়।

Scanned with CamScanner

১১. স্বতন্ত্র চামড়া শিল্প নগরী স্থাপনের ধারণা, উদ্যোগ ও পরিণতি

হাজারীবাগ ঢাকার পশ্চিমাঞ্চলে অবস্থিত একটি ক্ষুদ্র এলাকা। ট্যানারি ছাড়াও এখানে ঘনবসতি পূর্ণ আবাসিক এলাকা পরিলক্ষিত হয়। এর চারপাশে রয়েছে আবাসিক এলাকার বিস্তৃতি। রায়ের বাজার, ধানমন্ডি, ঝিকাতলা, লালবাগের মত ঘনবসতিপূর্ণ আবাসিক এলাকা এই শিল্পাঞ্চলের চারপাশে রয়েছে। মাত্র ৬০ একর জমির উপর ১৯৪টির মত ট্যানারি অপরিকল্পিতভাবে গাদাগাদি অবস্থায় এই এলাকায় তাদের উৎপাদনের কাজে নিয়োজিত রয়েছে। এখানে পরিকল্পিতভাবে কোন শিল্প ব্যবস্থা গড়ে উঠেনি। অর্থ্যাৎ শিল্পাঞ্চল গড়ে তোলার বা টিকিয়ে রাখার ন্যূনতম সুবিধাদি হাজারীবাগ ট্যানারি এলাকায় নেই।

ব্যক্তি মালিকানাধীন ট্যানারিগুলো মালিকদের নিজস্ব খেয়ালখুশীমত অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে। এখানে স্থায়ী বর্জ্য নিস্কাশনের কোন ব্যবস্থা নেই। ট্যানারির বর্জ্য সাধারণভাবে নদীতে গিয়ে পড়ে বা মিউনিসিপ্যাল পয়ঃ নিস্কাশনের সঙ্গে সংযুক্ত। হাজারীবাগের এই ট্যানারি হতে বছরে প্রায় ৬০,০০০ মেট্রিকটন চামড়া প্রক্রিয়াজাতকরণ হয়। হিসাবমতে দৈনিক প্রায় ১৫,০০০ কিউবিক মিটার তরল বর্জ্য এই শিল্পাঞ্চল হতে নিস্কাশিত হচ্ছে এবং তা খোলামেলাভাবেই। এর মধ্যে ৭৬ মেট্রিকটন সাস্পেন্ডেড সলিড (SS) আকারে এবং বাকীটা পানীয় তরল বর্জ্য হিসাবে সাধারণে মিশে যাচ্ছে যা পরিবেশ দূষণের এক মারাত্মক হুমকি হিসাবে দাঁড়িয়েছে। ফলে অত্র এলাকা পরিবেষ্টিত ১০বর্গ কিলোমিটারের প্রায় ২০ লক্ষ মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এর পার্শ্ব প্রতিক্রিয়ায় আক্রান্ত হচ্ছে।

বাংলাদেশের ট্যানারিশিল্প পরিবেশের মারাত্মক ক্ষতি করছে-এটা বিশ্বব্যাপী একটা উদ্বেগের কারণ। তাই ১৯৮৮ সালে UNIDO- এর মাধ্যমে "Regional Programme for Pollution Control in the Tanning Industry in South East Asia" হাজারীবাগের একটি স্থানে CETP (Central Effluent Treatment Plant) স্থাপনের প্রস্তাব পেশ করে। কিন্তু বাংলাদেশ সরকার জানা যায় যে, হাজারীবাগ থেকে ট্যানারি স্থানান্তরের একটি চিন্তাভাবনা রয়েছে। কাজেই এ ব্যাপারে একটি সিদ্ধান্ত গ্রহনের পরে CETP স্থাপনের যৌক্তিকতা খুঁজে পাওয়া যাবে।পরবর্তীতে ১৯৯৮ সালে সরকার হাজারীবাগে একটি CETP স্থাপনের জন্য UNIDO -কে আনুষ্ঠানিক অনুরোধ জানায়।

শোনা যায় CETP নির্মানের প্রথম পর্যায়ের কাজ চলছে এবং ডিসেম্বর '২০০০ এ তা শেষ হওয়ার কথা। এ জন্য UNIDO ব্যয় করছে ৭লক্ষ ৫০ হাজার মার্কিন ডলার। প্রথম পর্যায়ের কাজের মধ্যে রয়েছে ট্যানারি মালিক ও লেদার টেকনোলজিস্টদের দেশে বিদেশে প্রশিক্ষণ, স্টাডিটুর, প্রদর্শনীমূলক ক্রোম রিকভারী ইউনিট, ট্যানারির তরল বর্জ্য পদার্থের যাবতীয় দূষণের মাত্রা নির্ণয় এবং CETP এর প্রকৌশলগত ড্রইং ডিজাইন। সাফল্যজনকভাবে প্রথম পর্যায়ের কাজ শেষ হলে এর ফলাফলের ভিত্তিতে দ্বিতীয় পর্যায়ের কাজ অর্থাৎ CETP এর নির্মানের কাজ শুরু হওয়ার কথা ছিল ২০০১ সালের জানুয়ারিতে। এ কাজের জন্য দাতা সংস্থাগুলি আর্থিক সহায়তা করবে বলেও প্রতিশ্রুতি দিয়ে ছিল। কিন্তু ট্যানারি শিল্পের সঙ্গে জড়িত সংশ্লিষ্টজনদের উদাসীনতা ও অন্যান্য প্রশাসনিক জটিলতায় বর্তমানে উক্ত প্রকল্প বন্ধ হয়ে গেছে।

এর পরেও বলতে দ্বিধা নেই যে, আবাসিক এলাকা পরিবেষ্টিত ছোট এই জায়গাটিতে এতবড় শিল্প সেক্টরের বিকিকিনি এবং তার জীবন প্রদীপ জীইয়ে রাখার প্রচেষ্টা কতদূর এগুবে তা ভবিষ্যতই বলে দেবে।

বাংলাদেশে চামড়া শিল্প আজ তার সঠিক অবস্থানে নেই। ১৯৮৮ থেকে ১৯৯৬ পর্যন্ত সরকারি বাণিজ্যিক ব্যাংক কর্তৃক মাত্রাতিরিক্ত পুঁজি প্রবাহের কারণে কাঁচা চামড়ার ব্যাপক মূল্য বৃদ্ধি এবং ট্যানারি মালিকদের পুঁজি ব্যবহারে দুরদর্শিতা না থাকায় বর্তমানে এই শিল্প শত শত কোটি টাকার বকেয়া ঋনের বোঝা নিয়ে দাঁড়িয়ে আছে। অধিকাংশ ট্যানারির বকেয়া সুদ স্ফীত থেকে স্ফীততর হচ্ছে। ফলে শিল্পের অধিকাংশ ইউনিটের নিজস্ব চলতি পুঁজি ও আধুনিকায়নের ক্ষমতা প্রায় নেই বললেই চলে। কিন্তু এটা সঠিক যে, সস্তা জনশক্তি ও উন্নত কাঁচামাল সমৃদ্ধ এদেশে আরো চামড়া এবং চামড়াজাত পণ্যের শিল্প প্রসারের মাধ্যমে ব্যাপক রপ্তানী সম্ভাবনা রয়েছে। এই বিপুল সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে প্রয়োজন পরিবেশ দূষণমুক্ত একটি স্বতন্ত্র এবং পরিকল্পিত চামড়া শিল্পনগরী।

'৯৩-'৯৪ সালে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে স্বতন্ত্র চামড়া শিল্প নগরী স্থাপনের জন্য সাভার এলাকায় একটি স্থান নির্ধারিত হয়। নির্ধারিত স্থান সমূহ হচ্ছে যথাক্রমে সাভার থানার অন্তগর্ত তেতুলঝড়া ইউনিয়নের চন্দ্রনারায়নপুর এবং কেরানীগঞ্জ থানার অন্তর্গত হযরতপুর ইউনিয়নের চর নারায়ণপুর। এই এলাকার নির্ধারিত ৬০০ একর জমির উপর একটি স্বতন্ত্র চামড়া শিল্প নগরী স্থাপনের উদ্যোগ নেয়া হয়।

সার্বিক দিকগুলো বিবেচনায় রেখে একটি সুপরিকল্পিত স্বতন্ত্র চামড়া শিল্পনগরী স্থাপনের দায়িত্ব বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কে দেয়া হয় ১৯৯৩-৯৪ সালে। বিসিক ও শিল্প মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ভূমি নির্বাচন ও অধিগ্রহণের প্রাথমিক কাজ এগিয়ে যায়। কিন্তু পরবর্তীতে নানা টানাপোড়নের ফলে এই প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে আর কোন অগ্রগতি হয়নি। কিন্তু অধিগ্রহণকৃত এবং অধিগ্রহণের জন্য নির্বাচিত জমিসহ প্রকল্পটি এখনও বিসিকের নিয়ন্ত্রনাধীন। সরকারের কাছ থেকে সবুজ সংকেত পেলেই এই বহুল আলোচিত স্বতন্ত্র চামড়া শিল্প নগরী স্থাপনের কাজে হাত দেয়া যায়। বিষয়টির অর্থনৈতিক গুরুত্ব কমে যায়নি। সম্ভাব্য দেশী-বিদেশী

Scanned with CamScanner

বিনিয়োগের জন্য এই স্বতন্ত্র চামড়া শিল্প নগরী হবে আগামী দিনে আমাদের চামড়া শিল্পের নতুন ভবিষ্যত। শুধু মাত্র দেশে প্রাপ্ত কাঁচা চামড়ার উপর ভিত্তি করেই নয় স্বতন্ত্র চামড়া শিল্প নগরীর জন্য বিদেশী কাঁচা চামড়া আসবে এদেশে এবং মূল্য সংযোজিত হয়ে তা বিদেশে রপ্তানী হবে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যায় যে, বাটা সু কোম্পানী বর্তমানে ব্রাজিল থেকে প্রতি বর্গফুট মাত্র ০.৮৭ মার্কিন ডলার মূল্যে উন্নতমানের ওয়েট ব্লু চামড়া এনে তা ফিনিশড করে উচ্চ মূল্যে বিদেশে আবার রপ্তানী করছে। অনুরূপ এপেক্স ট্যানারি গ্রুপ তাদের এপেক্স ট্যানারি ইউনিট-২ এর মাধ্যমে শুল্কমুক্ত বিদেশী ওয়েট ব্লু চামড়া এনে প্রসেস করে এপেক্স ফুটওয়্যার লিমিটেড এর মাধ্যমে জুতা তৈরি করে তা রপ্তানী করছে দীর্ঘদিন যাবত।

১৯৯৩-৯৪ সালে স্বতন্ত্র চামড়া শিল্প নগরী স্থাপনে নিমিত্তে বিসিক কর্তৃক প্রস্তাবকৃত সাভারের চরনারায়নপুর ও চন্দ্রনারায়নপুর এলাকায় ৬০০ একর জমি সম্বলিত একটি প্রস্তাব প্রণয়ন করা হয়।

প্রকল্পের উদ্দেশ্য ছিল ঃ-

১। স্বতন্ত্র চামড়া শিল্পনগরী স্থাপনের মাধ্যমে সম্ভাব্য নতুন দেশী/বিদেশী শিল্পোদ্যাক্তাদের গুচ্ছ সেবা ও প্রয়োজন মাফিক প্লট, বিদ্যুৎ, পানি, গ্যাস, ড্রেন, আন্তঃরাস্তা নির্মাণ সহ নানাবিধ পরিসেবা প্রদান।

